গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রণালয়/বিভাগের নাম : জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

-১৮১-

দপ্তরের নাম : খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)

বিষয় : ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ।

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ক্রমিক নং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম (তারিখসহ) | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ | সেবাগ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
| ০১. | ডিজিটাল রেজিস্টার/আর্কাইভ (০২-০৪-২০১৯) | অদ্যাবধি বিএমডি কর্তৃক প্রদানকৃত বিভিন্ন খনিজের অনুসন্ধান লাইসেন্স, খনি ও কোয়ারি ইজারা তথ্য ডিজিটালি সংরক্ষণের নিমিত্ত বিএমডির অভ্যন্তরীণ সেবার অংশ হিসাবে 'ডিজিটাল রেজিস্টার/আর্কাইভ' সফটওয়্যার প্রণয়ন করা হয়েছে। উক্ত সফটওয়্যারে বিভিন্ন ব্যক্তি/প্রতিষ্ঠানের অনুকূলে প্রদানকৃত অনুসন্ধান লাইসেন্স, খনি ও কোয়ারি ইজারার স্থান, সময়কাল, আদায়কৃত রাজস্ব সংক্রান্ত তথ্য সংরক্ষিত রয়েছে। | কার্যকর | হ্যাঁ | archive.bomd.gov.bd | |
| ০২. | খনিজ তথ্য কণিকা (১৪-০২-২০১৯) | দেশের কোথায় কোথায় কোন কোন খনিজ (তেল ও গ্যাস ব্যতীত) রয়েছে এবং বর্তমানে চলমান অনুসন্ধান লাইসেন্স, খনি ও কোয়ারি ইজারা সম্পর্কে নাগরিকগণ যেন সহজে ধারণা লাভ করতে পারে সে লক্ষ্যে 'খনিজ তথ্য কণিকা' প্রণয়ন করা হয়েছে। | কার্যকর | হ্যাঁ | mic.bomd.gov.bd | |
| ০৩. | পেনশন সেবা সহজিকরণ (১৪-১০-২০১৯) | বিএমডির কর্মকর্তা/কর্মচারীগণ কর্তৃক অবসরোত্তর পেনশন সেবা প্রাপ্তি সহজিকরণের নিমিত্ত 'পেনশন সেবা সহজিকরণ' করা হয়েছে। | কার্যকর | হ্যাঁ | প্রযোজ্য নয় | |
| ০৪. | ল্যানভিত্তিক ফটোকপি | সকল কম্পিউটার/ল্যাপটপে এক নেটওয়ার্কে ল্যান সিস্টেমে সহজেই ফটোকপি মেশিনে ফটোকপি/প্রিন্ট এবং যাদের কম্পিউটার/ল্যাপটপে প্রিন্টার সংযোগ নাই | কার্যকর নয়। বিএমডির একটি মাত্র ফটোকপিয়ার মেশিন বর্তমানে বিকল | না | প্রযোজ্য নয় | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | পদ্ধতি চালুকরণ | তাঁরা যেন সহজেই ফটোকপি/প্রিন্ট করতে পারে। এ ছাড়া, প্রিন্টারের সংখ্যা কমিয়ে খরচ, সময় ও কালি সাশ্রয়ের লক্ষ্যে চালু করা হয়েছে। | থাকায় ল্যানভিত্তিক ফটোকপি পদ্ধতি চালু নেই। পুরাতন ফটোকপিয়ার মেশিনটি অকেজো ঘোষণাপূর্বক নতুন মেশিন ক্রয় করে পুনরায় ল্যানভিত্তিক ফটোকপি পদ্ধতি চালু করা হবে। | | | |
| ০৫. | ই-লাইসেন্স ও লিজ ম্যানেজমেন্ট সফটওয়্যার (০১-০৩-২০২১) | বিএমডির সকল নাগরিক সেবা (অনুসন্ধান লাইসেন্স, খনি ও কোয়ারি ইজারা) অনলাইন/অটোমেশনের আওতায় আনার লক্ষ্যে 'E-LICENSE AND LEASE MANAGEMENT SYSTEM' সফটওয়্যার প্রণয়ন করা হয়েছে। বর্ণিত সফটওয়্যারের মাধ্যমে নাগরিকগণ ঘরে বসে অনুসন্ধান লাইসেন্স, খনি ও কোয়ারি ইজারার আবেদন করতে পারবে। | কার্যকর | হ্যাঁ | esheba.bomd.gov.bd | |
| ০৬. | উইমেন্স কর্নার (১০-০৩-২০২২) | বিএমডির নারী কর্মকর্তা/কর্মচারীদের নামাজ, আকস্মিক অসুস্থতাজনিত কারণে প্রাথমিক চিকিৎসা এবং ব্রেস্ট ফিডিংয়ের লক্ষ্যে 'উইমেন্স কর্নার' স্থাপন করা হয়েছে। | কার্যকর | হ্যাঁ | প্রযোজ্য নয় | |
| ০৭. | স্ব-উদ্যোগে ইজারাগ্রহীতাদের নিরাপত্তা জামানতের চেক ফেরত প্রদান (২২-০২-২০২২) | ইজারার মেয়াদ শেষে ইজারাগ্রহীতাদের নিরাপত্তা জামানত বাবদ জমাকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার বিএমডি কর্তৃক এফডিআর নগদায়নপূর্বক চেক প্রস্তুত করে স্ব-উদ্যোগে ইজারাগ্রহীতাদের নিকট হস্তান্তর করার লক্ষ্যে উদ্যোগটি চালু করা হয়েছে। ফলে ইজারাগ্রহীতাগণ দ্রুত ও সহজে তাঁদের নিরাপত্তা জামানতের চেক ফেরত পাবে। | কার্যকর | হ্যাঁ | প্রযোজ্য নয় | |
| ০৮. | ফ্রন্ট ডেস্ক/অপেক্ষাগারে কিয়স্ক (Kiosk) মেশিন স্থাপন (২৭-০৫-২০২১) | বিএমডির 'নাগরিক সেবা (সিটিজেন চার্টার)' এবং অন্যান্য কার্যক্রম ডিজিটালি প্রদর্শনের নিমিত্ত ফ্রন্ট ডেস্ক/অপেক্ষাগারে জন্য কিয়স্ক (Kiosk) মেশিন স্থাপন করা হয়েছে। এর ফলে বিএমডিতে আগত সেবা প্রত্যাশীগণ বিএমডি কর্তৃক প্রদত্ত নাগরিক সেবা ও অন্যান্য কার্যক্রম ডিজিটাল মেশিনে দেখতে পারবে। | কার্যকর | হ্যাঁ | প্রযোজ্য নয় | |
| ০৯. | পারসনেল ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম (পিএমআইএস) (৩০-১২-২০২১) | বিএমডির সকল কর্মকর্তা/কর্মচারীর ব্যক্তিগত এবং দাপ্তরিক তথ্য ডিজিটাল পদ্ধতিতে সংরক্ষণের লক্ষ্যে অভ্যন্তরীণ সেবার অংশ হিসাবে সফটওয়্যারটি প্রণয়ন করা হয়েছে। এতে কর্মকর্তা/কর্মচারী নিজ নিজ আইডি ব্যবহার করে ব্যক্তিগত তথ্য, নৈমিত্তিক ছুটি, অর্জিত ছুটি, শ্রান্তিবিনোদন ছুটিসহ পিআরএল সংক্রান্ত রিপোর্ট উক্ত সফটওয়্যার হতে ডাউনলোড করতে পারবে। | কার্যকর | হ্যাঁ | pmis.bomd.gov.bd | |

-১০৭

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | ডিজিটাল পদ্ধতিতে কর্মকর্তা-কর্মচারীদের এসিআর তথ্য সংরক্ষণ (০২-০৫-২০২৩) | বিএমডির কর্মকর্তা/কর্মচারীদের বার্ষিক গোপনীয় অনুবেদনের তথ্য ডিজিটাল পদ্ধতিতে সংরক্ষণের লক্ষ্যে বর্তমানে বিদ্যমান PMIS (Personal Management Information System) সফটওয়্যারটিকে কাস্টমাইজেশন (আপগ্রেড) করে বার্ষিক গোপনীয় অনুবেদনের তথ্য ডিজিটাল পদ্ধতিতে সংরক্ষণ করা হয়েছে। উল্লেখ্য যে, উক্ত ফটওয়্যারে বার্ষিক গোপনীয় অনুবেদনের তথ্য শুধুমাত্র সফটওয়্যারের সুপার এডমিন দেখতে পারবে। | কার্যকর | হ্যাঁ | pmis.bomd.gov.bd | |

28.12.2023
ফারজানা হক
সহকারী পরিচালক (খনি প্রকৌশল)
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

২৮.১২.২০২৩
মোঃ মামুনুর রশীদ
উপ-পরিচালক
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো
বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

২৮.১২.২০২৩
মোঃ আবুল বাসার সিদ্দিক আকন
পরিচালক (যুগ্ম সচিব)
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার